



...
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd



স্মারক নম্বর: ০০.০০.০০০০.০০০.৪৬.০০১.১৯.২৮৯

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বিষয়: দুর্নীতি দমন কমিশনের উত্তম চর্চার তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৫.১ ক্রমিক -এ বর্ণিত কার্যক্রম হিসেবে দুর্নীতি দমন কমিশনের উত্তম চর্চার তালিকা এতদসংশ্লে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুগ ০১ পাতা।

২৯-৩-২০২১

মুহাম্মদ মনিরুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)

ফোন: ০২-২২২২২১১৬৫

ইমেইল: d.admin@acc.org.bd

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ বেগম নাহিদ সুলতানা, সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ০০.০০.০০০০.০০০.৪৬.০০১.১৯.২৮৯/১(৩)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

অনুলিপি; সদয় জ্ঞাতার্থে:

- ১) মহাপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
- ৩) সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯-৩-২০২১

সৈয়দ নজরুল ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)

দুর্নীতি দমন কমিশনের উস্তুম চর্চার তালিকা

▪ **“নীতির প্রশ্নে আপসহীন, আমাদের খোকা, আমাদের জাতির পিতা” নামীয় একটি পুস্তক প্রণয়ন:**

দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর দুর্নীতিবিরোধী বিভিন্ন বক্তব্য সংকলন করে “নীতির প্রশ্নে আপসহীন, আমাদের খোকা, আমাদের জাতির পিতা” নামীয় একটি পুস্তক প্রণয়ন করা হয়েছে।

▪ **তাৎক্ষণিক দুর্নীতিবিরোধী অভিযান এবং টোল ফ্রি হটলাইন:**

তাৎক্ষণিক দুর্নীতিবিরোধী অভিযান পরিচালনার জন্য দুদকের এনফোর্সমেন্ট ইউনিট সদা তৎপর রয়েছে। উক্ত ইউনিট প্রতিনিয়ত সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বিভিন্ন দপ্তরে তাৎক্ষণিক অভিযান পরিচালনা করছে। এতে দুর্নীতি প্রতিরোধ করা সম্ভব হচ্ছে। এছাড়া, টোল ফ্রি হটলাইন (১০৬) চালুর মাধ্যমে সহজে জনসাধারণ দুর্নীতির প্রাত্যহিক অভিযোগসমূহ সরাসরি দুদকে উপস্থাপন করতে পারছে। সম্প্রতি টোল ফ্রি হটলাইন (১০৬) এর পাশাপাশি অভিযোগ গ্রহণের নিমিত্ত আইএসডি নম্বর ৮৮০৯৬১২১০৬১০৬ চালু হয়েছে।

▪ **গণশুনানী:**

সরকারি, আধা-সরকারি দপ্তরগুলোর দুর্নীতি প্রতিরোধ এবং সেবা গ্রহণে জনগণের ক্ষমতায়ন নিশ্চিত করার লক্ষ্যে ‘গণশুনানী’ অনুষ্ঠিত হচ্ছে। দুদক কর্তৃক এ যাবত মোট ১৪৪ টি ‘গণশুনানী’ পরিচালনা করা হয়েছে।

▪ **‘সততা সংঘ’ এবং ‘সততা স্টোর’ চালুকরণ:**

‘সততাই সর্বোৎকৃষ্ট পন্থা’ এ মূলমন্ত্রে উজ্জীবিত করতে ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে সততা চর্চা প্রসারের লক্ষ্যে বিভিন্ন বিদ্যালয় ও মাদ্রাসায় গঠিত ‘সততা সংঘ’-এর কার্যক্রম গণমুখী এবং বেগবান করা হয়েছে। তাছাড়া, কোমলমতি শিক্ষার্থীদের মাঝে সততা ও নৈতিকতা চর্চা বৃদ্ধিকল্পে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিক্রেতা বিহীন “সততা স্টোর” চালু করা হয়েছে। ছাত্র সমাজের মাঝে সততা, নৈতিকতা ও মূল্যবোধ উন্নয়নের লক্ষ্যে দুদক কর্তৃক এ পর্যন্ত ২৭,৬০৬ (সাতাশ হাজার ছয়শত ছয়) টি ‘সততা সংঘ’ গঠন করা হয়েছে এবং বিক্রেতা বিহীন ৫,৬০৩ (পাঁচ হাজার ছয়শত তিন) টি ‘সততা স্টোর’ চালু করা হয়েছে।

▪ **করোনা (কোভিড- ১৯) এর সংক্রমণ রোধে গৃহিত পদক্ষেপ:**

দুর্নীতি দমন কমিশনের কর্মরত কর্মকর্তা- কর্মচারী ও সংশ্লিষ্টদের মধ্যে করোনা (কোভিড- ১৯) এর সংক্রমণ রোধে কমিশনের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও সমন্বিত জেলা কার্যালয়ের জন্য দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য গাইডলাইন প্রণয়ন করা হয়। তাছাড়া, দুর্নীতি দমন কমিশনের কার্যালয়সমূহে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ ও অফিসে আগত সেবাগ্রহীতাগণের মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করে অফিস আদেশ জারি করা হয় এবং কমিশনের জিজ্ঞাসাবাদ কক্ষসমূহকে স্বাস্থ্যবিধি মেনে প্রস্তুত করা হয়েছে।



মুহাম্মদ মনিরুল ইসলাম
নিচালক (প্রশাসন ও মামলসম্পদ)